৩/১০/২০০১

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...........
পৃষ্ঠা ৬ কলাম ৩

## কমনওয়েলথের শিশুদের জন্য শিক্ষা

কমনওয়েলথের প্রতিটি শিশু যেন শিক্ষার আলো পায়, প্রাথমিক শিক্ষায় শিক্ষিত হতে পারে, সে জন্য বহু লাখ পাউন্ডের তহবিলের কথা ব্রিটেন ঘোষণা করেছে। ১২০ মি. শিশুর মধ্যে ৭৫ মি. স্কুলে যায় না। জাতিসংঘ দারিদ্র্য দূর করার যে অঙ্গীকার করেছে, এটা সে পথেই ঋণ কমাবার অভিযানের অংশ।

আগামী বছর রানীর সিংহাসনে অধিষ্ঠিত থাকার ৫০তম বার্ষিকী হবে।

রানী সব সময় কমনওয়েলথের সঙ্গে ঘনিষ্ঠ আত্মীয়তা অনুভব করেন। ক্রাউনের জুয়েলগুলো হাতছাড়া হয়ে গেলেও কোন না কোনভাবে তাদের ধরে রাখা।

সরকার এর আগে উন্নয়নশীল দেশে সস্তায় ওষুধ বিক্রির কথাও বলে।

এতকালের ধ্যান-ধারণা পাল্টে দিয়ে এখন বিজ্ঞানীরা বলছেন, স্তন্যপান শিশুর হৃদয়ের জন্য ভাল নয়। চার মাসের বেশি যারা মায়ের দুধ খেয়েছে তাদের আর্টারিতে (হার্ট আর্টারি ওয়াল) স্টিফনেস হবার সম্ভাবনা রয়েছে। ইনস্টিটিউট অব চাইল্ডহেলথের চাইল্ডহুড নিউট্রিশন রিসার্চ সেন্টার এটা আবিষ্কার করেছে। ব্রিটিশ মেডিক্যাল জার্নালে প্রকাশিত হয়েছে।